# Ispahani Islamia Eye Institute and Hospital

Bangladesh

116/C/2, Monipuripara, Farmgate, Dhaka-1215, Phone: 02-8141969, 02-55028622

E-mail: education@islamia.org.bd, Website: www.islamia.org.bd


IIEI&H/ED/6038/26 Date : 04.09.2026

# ভর্তি বিজ্ঞপ্তি

চক্ষু বিষয়ে ক্যারিয়ার গড়ার লক্ষ্যে ২-বছর মেয়াদী ডিপ্লোমা ইন অফথ্যালমিক টেকনিক্স প্রোগ্রামে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন **ইস্পাহানী ইসলামিয়া আই ইনস্টিটিউট এন্ড হসপিটালে** ভর্তির জন্য আগ্রহী, বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি. উত্তীর্ণ, অবিবাহিত, বয়স-অনূর্ধ্ব ২৫ বছর (০১/০১/২০২৭ তারিখে) প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছে।

**কোর্স ফি : ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা (প্রয়োজনে ৪টি সহজ কিস্তিতে পরিশোধযোগ্য)।**

**ভর্তির যোগ্যতা ঃ**

(১) উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ সহ জীববিদ্যা ও পদার্থ বিজ্ঞান বিষয়সহ এস.এস.সি. ও এইচ.এস.সি. উত্তীর্ণ (দাখিল ও আলিম গ্রহনযোগ্য), (২) ভর্তি পরীক্ষা ও স্বাস্থ্য পরীক্ষায় (চক্ষু পরীক্ষা) উত্তীর্ণ।

**বিশেষ তথ্য ঃ**

(১) প্রতি কর্মদিবসে সকাল ৮:০০টা থেকে সন্ধ্যা ৬:০০টা পর্যন্ত নিবিড়ভাবে তাত্ত্বিক, ব্যবহারিক এবং ক্লিনিক্যাল সহ সকল বিভাগে প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনবল হিসেবে গড়ে তোলা হবে। **প্রোগ্রাম চলাকালীন সময়ে অন্য কোন প্রতিষ্ঠানে খন্ডকালীন চাকুরী (অথবা অন্য কোন শিক্ষা কোর্সে ভর্তি বা অংশ গ্রহণ) করা থেকে সম্পূর্ণ বিরত থাকতে হবে**, (২) এই কোর্সে নিরবচ্ছিন্ন অংশগ্রহণের লক্ষ্যে প্রতিষ্ঠানের অদূরে নিজ খরচে বাসস্থান এবং আহারের ব্যবস্থা করতে হবে, (৩) সফলভাবে প্রোগ্রাম সম্পন্ন করার পর প্রতিষ্ঠান কর্তৃক সনদপত্র প্রদান করা হবে এবং (৪) অতঃপর, অত্র হাসপাতালে বা এর শাখাসমূহে শূন্য পদে প্রয়োজন সাপেক্ষে চাকুরীর ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

**ভর্তি পরীক্ষা ও ভর্তি সম্পর্কিত বিশেষ দিনসমূহ:**

| আবেদনের শেষ তারিখ | পরীক্ষার তারিখ | পরীক্ষার বিষয় | ফলাফল প্রকাশ | ভর্তির শেষ তারিখ | ক্লাশ শুরুর তারিখ |
|---|---|---|---|---|---|
| ২২/১০/২০২৬ ইং | ০৩/১১/২০২৬ ইং (লিখিত সকাল ৯:৩০ ঘটিকায়, মৌখিক বিকাল ২:৩০ ঘটিকায়) | পদার্থ, জীববিদ্যা, রসায়ন, গণিত, ইংরেজী ও সা: জ্ঞান | ০৮/১১/২০২৬ ইং | ৩০/১১/২০২৬ ইং | ০২/০১/২০২৭ ইং |

**আবেদন পদ্ধতি:**

প্রার্থীগণ শিক্ষা বিভাগের অফিস থেকে সংগৃহিত নির্ধারিত আবেদনপত্র অথবা ওয়েবসাইট লিংক: https://www.islamia.org.bd/archives/ Application_Form_DOT_ MLOP.pdf থেকে সংগ্রহ করে পূরণ করে তার সাথে সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জন্ম সনদ অথবা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, এস.এস.সি. ও এইচ.এস.সি. এর সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং **ইস্পাহানী ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট ও হাসপাতাল** এর নামে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার সংযুক্ত করে **পরিচালক, এডুকেশন ডিপার্টমেন্ট, ইস্পাহানী ইসলামিয়া চক্ষু ইনস্টিটিউট ও হাসপাতাল, ফার্মগেট, ঢাকা-১২১৫** এই ঠিকানায় অথবা উপরে উল্লেখিত E-mail এ প্রেরণ করবেন।

**পরিচালক**

**এডুকেশন ডিপার্টমেন্ট**